স্মারক নং-৫কাস(০১)/কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/২০১৮/৬২ তারিখ-২০/০৬/২০২২ খ্রিঃ

এতদ্বারা **"কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিঃ"** এর সম্মানিত সকল সদস্য এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত ও জারীকৃত নির্বাচন সংক্রান্ত বিশেষ সাধারন সভার নোটিশ অনুসারে আগামী ২২/০৭/২০২২ খ্রিঃ তারিখ রোজ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত রাজধানীর আইডিইবি ভবনের মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়তনে (আইডিইবি ভবন, ২য় তলা, ১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০) বিরতিহীনভাবে বিশেষ সাধারণ সভায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে সমিতির নিবন্ধিত উপ-আইন অনুযায়ী ০১(এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ০১(এক) জন সম্পাদক, ০১(এক) জন যুগ্ম-সম্পাদক, ০১(এক) জন কোষাধ্যক্ষ, ০৭(সাত) জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ সর্বমোট ১২ (বার) টি পদে ১২ (বার) জন প্রার্থী সমিতির সদস্যদের সরাসরি ভোটে নির্বাচিত হবেন।

জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক আদেশ নং-৪৭.৬১.২৬.০০.০০০.৩৩.৪৫৬/১৯-২২৯৯, তারিখ-১৩/০৬/২০২২ খ্রিঃ মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ১৯/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৭(১) বিধি অনুসারে নিম্নরূপ তফসিল ঘোষণা করা হ'ল ঃ

## নির্বাচনী তফসিল-২০২২ খ্রিঃ

| ক্রঃ নং | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১। | মনোনয়নপত্র বিতরণ | ২৮/০৬/২০২২ খ্রিঃ<br>২৯/০৬/২০২২ খ্রিঃ | বেলা-৩.০০ ঘটিকা হতে বিকাল-৫.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয়, ৬৭/৯, ইস্টার্ন ম্যানশন, রুম নং ৭/২, কাকরাইল, ঢাকা |
| ২। | মনোনয়নপত্র দাখিল | ০২/০৭/২০২২ খ্রিঃ<br>০৩/০৭/২০২২ খ্রিঃ | বেলা-৩.০০ ঘটিকা হতে বিকাল-৫.০০ ঘটিকা পর্যন্ত | সমিতির কার্যালয় ৬৭/৯, ইস্টার্ন ম্যানশন, রুম নং ৭/২, কাকরাইল, ঢাকা |
| ৩। | মনোনয়নপত্র বাছাই (প্রার্থীদের উপস্থিতিতে যদি কেহ থাকেন) | ০৪/০৭/২০২২ খ্রিঃ | বেলা-৩.০০ ঘটিকা হতে | সমিতির কার্যালয় ৬৭/৯, ইস্টার্ন ম্যানশন, রুম নং ৭/২, কাকরাইল, ঢাকা |
| ৪। | বৈধ এবং বাতিলকৃত প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ০৪/০৭/২০২২ খ্রিঃ | বাছাইয়ের পরপর | সমিতির নোটিশ বোর্ড |
| ৫। | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল | ০৫/০৭/২০২২ খ্রিঃ<br>০৬/০৭/২০২২ খ্রিঃ | অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত) | জেলা সমবায় কার্যালয়, ঢাকা (সমবায় ভবন, ২য় তলা, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা)। |
| ৬। | আপীলের শুনানী | ০৭/০৭/২০২২ খ্রিঃ<br>১২/০৭/২০২২ খ্রিঃ<br>১৩/০৭/২০২২ খ্রিঃ | আপীলাত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৭। | আপীলের রায় ঘোষনা | ১৩/০৭/২০২২ খ্রিঃ | শুনানী শেষে | ঐ |
| ৮। | বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ | ১৩/০৭/২০২২ খ্রিঃ | রায় ঘোষনার পর | সমিতি নোটিশ বোর্ড |
| ৯। | প্রার্থীতা প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ১৪/০৭/২০২২ খ্রিঃ | বেলা-৩.০০ ঘটিকা হতে | সমিতির কার্যালয় ৬৭/৯, ইস্টার্ন ম্যানশন, রুম নং ৭/২, কাকরাইল, ঢাকা |

CUSTOMS & VAT COOPERATIVE SOCIETY LIMITED

| | | | | |
|---|---|---|---|---|
| | | | বিকাল-৫.০০ ঘটিকা পর্যন্ত | |
| ১০। | বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর তালিকা প্রকাশ (প্রযোজ্য ক্ষেত্রে) | ১৬/০৭/২০২২ খ্রিঃ | বিকাল-০৫.০০ ঘটিকা | সমিতি নোটিশ বোর্ড |
| ১১। | বৈধ প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণের মধ্যে প্রতীক বিতরণ | ১৭/০৭/২০২২ খ্রিঃ | বেলা ৩.০০ ঘটিকা হতে | সমিতির কার্যালয় ৬৭/৯, ইস্টার্ন ম্যানশন, রুম নং ৭/২, কাকরাইল, ঢাকা |
| ১২। | প্রার্থীগণের চূড়ান্ত তালিকা প্রকাশ | ১৮/০৭/২০২২ খ্রিঃ | বিকাল-০৫.০০ ঘটিকা | সমিতি নোটিশ বোর্ড |
| ১৩। | ভোট গ্রহণ | ২২/০৭/২০২২ খ্রিঃ | সকাল-১০.০০ ঘটিকা হতে বিকাল-০৪.০০ ঘটিকা পর্যন্ত | মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়তন, আইডিইবি ভবন, ২য় তলা, ১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০ |
| ১৪। | ভোট গণনা ও ফলাফল প্রকাশ | ২২/০৭/২০২২ খ্রিঃ | ভোট গ্রহণের পর | মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়তন, আইডিইবি ভবন, ২য় তলা, ১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০ |

**নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ ঃ**

| ক্রঃনং | পদের নাম | প্রতীক সমূহ |
|---|---|---|
| ০১। | সভাপতি | চেয়ার, ছাতা, বাইসাইকেল, চাকা, বই। |
| ০২। | সহ-সভাপতি | আনারস, হারিকেন, উড়োজাহাজ, ফ্রিজ, মিনার, তলোয়ার। |
| ০৩। | সম্পাদক | গোলাপফুল, মাছ, দেয়ালঘড়ি, ঠেলা গাড়ী, কাপ-পিরিচ, ঘোড়া, মোটর সাইকেল। |
| ০৪। | যুগ্ন-সম্পাদক | ট্রাক, ময়ূর, দোয়াত কলম, খেজুর গাছ, টেবিল ফ্যান। |
| ০৫। | কোষাধ্যক্ষ | তালা-চাবি, মোমবাতি, ডাব, কম্পিউটার, হাতপাখা, বাঘ। |
| ০৬। | ব্যবস্থাপনা কমিটির সদস্য | টেলিভিশন, কলস, হাতি, টিয়া পাখি, হাঁস, হরিণ, বট গাছ, মোরগ, ফুটবল, বাস, হাত ঘড়ি, মোবাইল ফোন, বোতল, কলম, আম, ঘুড়ি। |

**নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য বিষয় সমূহ ঃ**

১। কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিঃ এর আগামী ২২/০৭/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য নির্বাচনের লক্ষ্যে মনোনয়নপত্রের ফরম বিতরণ ও জমা গ্রহণ, বাছাই, বৈধ এবং বাতিলকৃত প্রার্থীগণের তালিকা প্রকাশ, চূড়ান্ত বৈধ প্রার্থীগণের তালিকা প্রকাশ ও প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের মধ্যে প্রতীক বিতরণ সংক্রান্ত যাবতীয় কার্যাদি নির্বাচন কমিটি কর্তৃক সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হবে এবং আপীল আবেদন দাখিল, শুনানী গ্রহণ ও আপীলের রায় প্রদান জেলা সমবায় অফিসার, ঢাকা কার্যালয়ে (সমবায় ভবন, ২য় তলা, আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭) অনুষ্ঠিত হবে। আগামী ২২/০৭/২০২২ খ্রিঃ তারিখে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন রাজধানীর আইডিইবি ভবনের মুক্তিযুদ্ধ স্মৃতি মিলনায়তনে (আইডিইবি ভবন, ২য় তলা, ১৬০/এ, কাকরাইল ভিআইপি রোড, ঢাকা-১০০০) অনুষ্ঠিত হবে।

২। সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত ফি রশিদ মূলে পরিশোধ স্বাপেক্ষে তফসিলে বর্ণিত স্থান, তারিখ ও সময়ে নির্বাচন কমিটির নিকট থেকে মনোনয়নপত্রের ফরম সংগ্রহ করতঃ রশিদ এর কপি মনোনয়নপত্রের ফরমের সাথে সংযুক্ত পূর্বক দাখিল করতে হবে।

৩। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীগণ সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৭(৬), ১৮(৮), ১৯ এবং ৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ২৪ ও ৮৮ বিধি অনুযায়ী প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

৪। নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়নপত্রের ফরম প্রার্থী কর্তৃক স্বহস্তে নির্ভুলভাবে পূরণ করতঃ তফসিলে বর্ণিত নির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করতে হবে। মনোনয়নপত্রের ফরমে প্রার্থীর স্বাক্ষর সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে সত্যায়িত হতে হবে এবং মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে প্রেরিত মনোনয়নপত্রের ফরম গ্রহনযোগ্য হবে না।

৫। মনোনয়নপত্রের ফরমের সাথে প্রার্থীর ১(এক) কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ছায়ালিপিসহ সকল সংযুক্ত কাগজপত্রে অভিন্ন তথ্য থাকতে হবে। প্রার্থীর ছবি সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং মেট্রোপলিটন থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা/জেলা সমবায় অফিসার, ঢাকা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৬। অসম্পূর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভুল কিংবা মিথ্যা তথ্য পরিবেশন করা, নির্বাচন কমিটির চাহিদা মোতাবেক প্রয়োজনীয় দলিলপত্র মনোনয়নপত্রের ফরমের সাথে সংযুক্ত না করা এবং সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ অনুযায়ী অযোগ্য প্রার্থীর মনোনয়নপত্রের ফরম বাতিল বলে গণ্য হবে। এছাড়া প্রার্থীকে সমিতির উপ-আইনে উল্লেখিত অন্যান্য যোগ্যতা পূরণ করতে হবে।

০৭। মনোনয়নপত্রে প্রার্থীর প্রদত্ত তথ্য সমিতির রেকর্ডপত্র এবং সংযুক্ত প্রমানাদির সাথে অভিন্ন হতে হবে, অন্যাথায় প্রার্থীর মনোনয়নপত্রের ফরম বাতিল বলে গণ্য হবে।

৮। একই প্রতীকের জন্য একাধিক প্রার্থী দাবি করলে নির্বাচন কমিটি লটারীর মাধ্যমে প্রতীক বরাদ্দ করবেন। নির্ধারিত প্রতীকের তুলনায় প্রার্থীর সংখ্যা বেশি হলে নির্বাচন কমিটি অতিরিক্ত নতুন প্রতীক নির্ধারন পূর্বক বরাদ্দ প্রদান করবেন।

৯। ভোটার তালিকায় অর্ন্তভূক্ত নেই এমন কোন সদস্য নির্বাচনে অংশগ্রহন বা ভোট প্রদান করতে পারবেন না।

১০। নির্বাচন কমিটি কর্তৃক জারিকৃত নির্বাচনী আচরণ বিধি সকল প্রার্থী এবং সদস্যকে মেনে চলতে হবে।

১১। নির্বাচন সংক্রান্ত কোন তথ্যের প্রয়োজন হলে নির্বাচন কমিটির সাথে যোগাযোগ করা যেতে পারে। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

| | | |
|---|---|---|
| (বি এম আব্দুল্লাহ্ আল মাসুম)<br>সদস্য<br>নির্বাচন কমিটি<br>কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিঃ<br>সদস্য আইডি নং-১৯৮২০০২৬৭ | (মোঃ মিনহাজ উদ্দিন)<br>সদস্য<br>নির্বাচন কমিটি<br>কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিঃ<br>সদস্য আইডি নং-১৯৮৯০০৫৭০ | (মোহাম্মদ এনামুল হক)<br>সভাপতি<br>নির্বাচন কমিটি<br>কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিঃ<br>সদস্য আইডি নং-১৯৬৬০০৭৫২ |

**স্মারক নং-৫কোস(০১)/কাস্টমসএন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/২০১৮/৬২** **তারিখ-২০/০৬/২০২২ খ্রিঃ**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়েজনীয় কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সদস্য (সকল), কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিঃ।

২। সভাপতি/সদস্য, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি লিঃ । তাঁকে জারীকৃত নির্বাচনী তফসিলের অনুলিপি সমিতির সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের নিকট যথাযথ পদ্ধতিতে প্রেরণ নিশ্চিত করে প্রমানক সংরক্ষণ করাসহ ও তফসিলটির বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

৩। মেট্রোঃ থানা সমবায় অফিসার, রমনা, ঢাকা।

৪। জেলা সমবায় অফিসার, ঢাকা ও আপীলাত কর্তৃপক্ষ।

৫। সমিতির নোটিশ বোর্ড।

(মোহাম্মদ এনামুল হক)
সভাপতি
নির্বাচন কমিটি
কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী
সমবায় সমিতি (সিভিসিএস) লিঃ
সদস্য আইডি নং-১৯৬৬০০৭৫২